**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আগামীকাল মনোনয়নপত্র জমা দেবার শেষ দিন ।**

**(২) গন্ডাতুইসা মহকুমার পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিশ্বব্যাপী অর্থনৈতিক উন্নতির জন্য মেক ইন ইন্ডিয়ার সাফল্যের প্রশংসা করেছেন ।**

**(৪) ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত দুটি খেলায় কেশব সংঘ ও সরোজ সংঘ জয়লাভ করেছে ।**

***********************************************

**Panchayet Election :**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আগামীকাল মনোনয়নপত্র জমা দেবার শেষ দিন। মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে ১৯শে জুলাই। মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২২শে জুলাই। ভোট নেওয়া হবে আগামী ৮ই আগস্ট। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত কুমার দাস জানিয়েছেন, গতকাল পর্যন্ত ত্রিস্তর পঞ্চায়েতে বিভিন্ন দলের মোট ৬ হাজার ৯৪২টি মনোনয়ন পত্র জমা পড়ে। এর মধ্যে গ্রাম পঞ্চায়েতের

জন্য মোট ৬ হাজার ১০১টি, পঞ্চায়েত সমিতির নির্বাচনে ৫৪৫টি এবং জিলা পরিষদ নির্বাচনে এখন পর্যন্ত ২৯৬টি মনোনয়ন জমা পড়েছে।

গ্রাম পঞ্চায়েত নির্বাচনে বিজেপি দলের পক্ষ থেকে ৪ হাজার ২৪৪টি, সিপিআই(এম) দলের পক্ষে ১ হাজার ২০৬টি জাতীয় কংগ্রেসের পক্ষে ৪৯৬টি, তিপরা মথা দলের ৬৯টি, সিপিআই(এম এল) দলের ৩টি, সিপিআই দলের ১টি এবং নির্দল প্রার্থীর ২টি মনোনয়ন জমা পড়ে।

পঞ্চায়েত সমিতির ৫৪৫টি মনোনয়নের মধ্যে বিজেপি দলের ২৮৫টি সিপিআই(এম) দলের ১৮৩টি, জাতীয় কংগ্রেসের ৭০টি, তিপরা মথা দলের ২টি, সিপিআই দলের ২টি এবং নির্দল প্রার্থীর ৩টি মনোনয়ন পত্র রয়েছে।

অন্য দিকে জিলা পরিষদ নির্বাচনে এখন পর্যন্ত যে ২৯৬টি মনোনয়ন পেশ হয়েছে, তার মধ্যে বিজেপি দলের রয়েছে ১০৭টি, সিপিআই(এম) দলের রয়েছে ১০৯টি জাতীয় কংগ্রেসের ৭৬টি তিপরা মথার ২টি সিপিআই এবং নির্দল প্রার্থীর ১টি করে মনোনয়ন রয়েছে।

উল্লেখ্য রাজ্যে ৬০৬টি গ্রাম পঞ্চায়েতে মোট ৬ হাজার ৩৭০টি আসন, ৩৫টি পঞ্চায়েত সমিতির ৪২৩টি আসন, এবং ৮টি জিলা পরিষদে মোট ১১৬টি আসন রয়েছে।

*********************************

**Gandatwisa :**

গন্ডাতুইসা মহকুমার পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিকের দিকে এগুচ্ছে। আগামী এক দুই দিনের মধ্যে গন্ডাতুইসার পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক ছন্দে ফিরে আসবে। ধলাই জেলার জেলা শাসক ও সমাহর্তা সাজু ওয়াহিদ এ আজ এখবর জানিয়েছেন। তিনি জানান, পরমেশ্বর রিয়াং হত্যাকাণ্ডে এখনো পর্যন্ত পুলিশ চারজনকে গ্রেফতার করেছে। এর পরবর্তী পর্যায়ে যে সমস্ত

বিক্ষিপ্ত ঘটনা ঘটেছে সেগুলির তদন্ত চলছে পর্যায়ক্রমিকভাবে। বেশ কিছু ঘটনায় কিছু বাড়িঘর এবং দোকানপাটের ক্ষয়ক্ষতি হয়েছে এ বিষয়ে রাজ্য সরকারের তরফ থেকে ১ কোটি ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে সংশ্লিষ্ট পরিবারগুলিকে, যা গতকাল থেকে দেওয়া শুরু হয়েছে। যাদের সম্পূর্ণ ক্ষতি হয়েছে তাদেরকে ২৫ হাজার টাকা করে এবং বাকিদের ক্ষতিপূরণের উপর ভিত্তি করে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। তিনি জানান, নিহত পরমেশ্বর রিয়াং'র পরিবারকে আজ ৬ লক্ষ টাকার একটি চেক প্রদান করা হয়েছে।

জেলাশাসক আরো জানান, গতকাল সন্ধ্যা থেকেই সব ধরনের দোকানপাট খোলা হয়েছে এবং বাজারে লোকসমাগমও হচ্ছে। পরিস্থিতির কথা চিন্তা করে ১৪৪ ধারা জারি রয়েছে। আগামী এক দুই দিনের মধ্যে সবকিছুই স্বাভাবিক হয়ে যাবে বলে তিনি পুনরায় আশা ব্যক্ত করেন।

***************************

**Muharram :**

আজ পবিত্র আশুরায় মহরম। হিজরী অনুযায়ী মহরম মাসের দশম দিনটি শোকের দিবস হিসাবে উদযাপন করা হয়। এই উপলক্ষে রাজ্যেও বিভিন্ন স্থানে তাজিয়া নিয়ে শোক মিছিল বের করা হয়। আজ বিকেলে তাজিয়া নিয়ে আগরতলার শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে একটি মিছিল বের করা হয়।

গোমতী জেলা সদর উদয়পুর বদর মোকাম বদর সাহেবের দরগায় মহরম উদযাপন করা হয়।

******************************

**Kharchi Utsab :**

খার্চি পুজো ও উৎসবের আজ চতুর্থ দিন। আজ কৃষ্ণমালা মঞ্চে রাজ্যের বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা ও বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ভক্তিমূলক সমবেত সংগীত ও সমবেত লোকনৃত্য পরিবেশন করে। পূর্বাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্রের ১৮ জন বাউল শিল্পী সংগীত পরিবেশন করেন। বিকালে হাবেলী মুক্ত মঞ্চে অনুষ্ঠিত শিশু উৎসবে শতাধিক শিশু অংশগ্রহণ করে। বিধায়ক রতন কক্রবর্তী আজ বেশ কিছু সময় মেলা প্রাঙ্গনে উপস্থিত ছিলেন। আজ ছুটির দিন হওয়াতে সকাল থেকেই মেলায় ভিড় ছিল। সন্ধ্যায় থেকেই জনসমাগম বাড়তে থাকে।

***************************

**Dengue-Sepahijala :**

সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জের বিভিন্ন এলাকায় ফের ডেঙ্গুর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। গত শুক্রবার জ্বর ও মাথা ব্যথা নিয়ে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি হয় বিশ্রামগঞ্জ, বড়জলা, চিকনছড়া, রামনগর, পদ্মনগর, দাড়িয়াথল প্রভৃতি এলাকার বেশ কয়েকজন রোগী। বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ইনচার্জ ডক্টর সংগীতা চৌধুরী আজ আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে জানিয়েছেন এলাইজা টেস্টে ১২ জন রোগীর শরীরে ডেঙ্গুর জীবাণু ধরা পরে। এই ১২ জনের মধ্যে ১০ জনই বর্তমানে সুস্থ্য হয়ে বাড়ি ফিরে গেছেন। আজ এবং গতকাল জ্বর নিয়ে এই হাসপাতালটিতে নুতন করে ভর্তি হওয়া আরো ৫ জন রোগীর দেহে এন্টিজেন টেস্টে ডেঙ্গুর উপস্থিতি ধরা পরে। তাদের রক্তের নমুনা এলিজা টেস্টের জন্য এজিএমসি-তে পাঠানো হয়েছে।

****************************

**Make in India :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিশ্বব্যাপী অর্থনৈতিক উন্নতির জন্য মেক ইন ইন্ডিয়ার সাফল্যের প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে 'মেক ইন ইন্ডিয়া' ভারতের অর্থনীতিকে কিভাবে বিশ্ব মঞ্চে নিয়ে গেছে, সেই বিষয়টি তুলে ধরেছেন। এখানে বলা হয়েছে, ভারতীয় এই উদ্যোগ বিশ্বব্যাপী গ্রহনযোগ্য হয়ে উঠছে। যুক্তরাজ্য, জার্মানি এবং নেদারল্যান্ডে রপ্তানি বাড়ছে৷ এই বৃদ্ধি আন্তর্জাতিক বাজারে ভারতের ক্রমবর্ধমান প্রভাবকে তুলে ধরে।

এই প্রসঙ্গে তিনি বিহারে তৈরি বুট, কাশ্মীরের উইলো কাঠের ক্রিকেট ব্যাট ও আমূলের পণ্যের জনপ্রিয়তার কথা তুলে ধরেন।

তিনি বলেন বিশ্বের একাধিক দেশ ভারতের UPI সিস্টেম গ্রহণ করেছে। এছাড়াও উল্লেখ করা হয়, ভারত ও রাশিয়ার যৌথ উদ্যোগের ব্রহ্মোস ক্ষেপণাস্ত্রের কথাও বলেন তিনি। এই উন্নয়ন ভারতের কৌশলগত প্রতিরক্ষা ক্ষমতা এবং বৈশ্বিক নিরাপত্তা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকার উপর জোর দেয়। আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন যে, মেক ইন ইন্ডিয়া উদ্যোগের প্রভাব অর্থনীতির উল্লেখযোগ্য ক্ষেত্রগুলিতে দৃশ্যমান। এই কর্মসূচী উৎপাদন বৃদ্ধি, বিনিয়োগ সহজতর করে, উদ্ভাবনকে উৎসাহিত করে এবং শক্তিশালী উৎপাদন পরিকাঠামো নির্মাণের মাধ্যমে অর্থনীতিতে একটি নতুন গতি দিয়েছে। এটি দেশে লক্ষ লক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতেও সাহায্য করেছে।

****************************

**JP Nadda :**

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা আজ নতুনদিল্লিতে সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন, CDSCO-এর আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন। বৈঠকে স্বাস্থ্য সচিব অপূর্ব চন্দ্র ও অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এই মাসের শুরুর দিকে শ্রী নাড্ডা জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আয়ুষ্মান ভারত প্রধান মন্ত্রী জন আরোগ্য যোজনা-PMJAY এবং আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের কাজকর্মের পর্যালোচনা করেন।

****************************

**Amarnath Yatra :**

কাশ্মীর উপত্যকায়, বালতাল এবং চন্দনওয়ারী উভয় যাত্রাপথ দিয়ে এবং বিশেষ হেলিকপ্টারের মাধ্যমে এসে গত সন্ধ্যায় দক্ষিণ কাশ্মীরের লিডার উপত্যকায় ৩,৮৮৮ মিটার উচ্চতায় অবস্থিত মালয় গুহায় ১৩ হাজারেরও বেশি তীর্থযাত্রী শ্রী অমরনাথজির বরফের শিবলিঙ্গ দর্শন করেছেন। কর্মকর্তারা জানিয়েছেন যে তীর্থযাত্রীদের মধ্যে ৮,৫০০ জন পুরুষ, ৩,২৩৬জন মহিলা, ৮০ জন সাধু এবং ১৩৯৫ জন পরিষেবা প্রদানকারী এবং নিরাপত্তা কর্মী ছাড়াও আরও তিনজন রয়েছেন। এরইসঙ্গে, এই বছরের ২৯ জুন শুরু হওয়া ৫২দিনের তীর্থযাত্রায় গত দিনে মোট ৩,৩৮,১৪৩ জন যাত্রী পবিত্র গুহা পরিদর্শন করেন। এরমধ্যে বেশিরভাগ তীর্থযাত্রী নিজ নিজ রাজ্যে ফিরে গেছেন।

৩৭৪০ জন তীর্থযাত্রীকে নিয়ে শ্রী অমরনাথ জি যাত্রার নতুন ২০তম দল আজ ভোরে জম্মুর ভগবতী নগর যাত্রী নিবাস থেকে কড়া নিরাপত্তার কাশ্মীর উপত্যকার দিকে রওনা হয়েছে।

*************************

**Ek Ped Ek Maa Ke Naam :**

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা আজ নতুন দিল্লিতে তার সরকারী বাসভবনে 'এক পেড় মা কে নাম' প্রকল্পে গাছের চারা রোপণ করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শুরু করা এই প্রকল্পে সবার অংশগ্রহণ করা উচিত।

**************************

**Bharat Ratna Club :**

পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার জানিয়েছেন, সরকারি খাস জমিতে গড়ে ওঠা ঊষাবাজারের ভারত রত্ন সংঘের ঘরটি আজ সকালে ভেঙ্গে দেওয়া হয়েছে। বেআইনি কার্যকলাপের সঙ্গে জড়িয়ে পড়ায় প্রশাসন এই সিদ্ধান্ত নিয়েছে। এই জমিতে আগামীদিনে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার অনুমোদন পাওয়া গেছে বলে তিনি জানিয়েছেন। জেলা শাসক আরও জানান, দশ দিন আগে সদর মহকুমা শাসকের পক্ষ থেকে একটি নোটিশ জারি করে ক্লাব ঘরটির উচ্ছেদ করার নির্দেশ দেয়া হয়।

******************************

**Plantation :**

কৈলাশহরের দেওড়াছড়া A.D.C ভিলেজের দেববর্মাপাড়া এলাকায় আজ এক বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। ঊনকোটি জেলা প্রশাসন ও বন দপ্তরের যৌথ উদ্যোগে এবং যৌথ বনায়ন কমিটি, সামাজিক সংস্থা-সংগঠনের সহযোগিতায় এই কর্মসূচির আয়োজন।

উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, জেলা বন আধিকারিক কৃষ্ণগোপাল রায় প্রমুখ। জেলা বন আধিকারিক শ্রী রায় জানান, প্রত্নভূমি ঊনকোটি থেকে দেববর্মা পাড়া পর্যন্ত ছড়ার দু'পাশে ২৩০টি ফল ও গাছের চারা রোপণ করা হয়েছে।

*****************************

**Tree Plantation :**

দ্য স্মাইল ফাউন্ডেশন সামাজিক সংস্থার উদ্যোগে আজ আগরতলার আমতলী বাইপাস রোড সংলগ্ন স্থানে ১০০টি বৃক্ষ রোপন করা হয়। সংস্থার পক্ষ থেকে জানানো হয় আগামী এক বছরে পাঁচ হাজার বৃক্ষরোপন করার কর্মসূচি হাতে নেওয়া হয়েছে।

****************************

**All Tripura Blind Association :**

অল ত্রিপুরা ব্লাইন্ড এসোসিয়েশনের উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় রবীন্দ্র-নজরুল জন্ম জয়ন্তী উদযাপনের অঙ্গ হিসেবে আজ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ের মিলনায়তনে আয়োজিত আজকের এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী। বক্তব্য রাখেন ব্লাইন্ড এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মিঠুন সাহা। অনুষ্ঠানে রাজ্যের দৃষ্টিহীন শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। পরে এসোসিয়েশনের পক্ষ থেকে সত্তর জন দৃষ্টিহীনের হাতে চলন সহায়ক সামগ্রী তুলে দেওয়া হয়।

***************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত দুটি খেলায় কেশব সংঘ ও সরোজ সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় কেশব সংঘ ৩-২ গোলে ইয়ুথ ক্লাবকে এবং একই মাঠে অপর খেলায় সরোজ সংঘ ৪-০ গোলে উমাকান্ত কোচিং সেন্টারকে পরাজিত করে।

**************************************

**Women's Football :**

ঘরোয়া মহিলা ফুটবল লিগের খেলায় আজ জম্পুইজলা প্লে সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ২-০ গোলে ফুলো ঝানু এথলেটিক ক্লাবকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *